



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮, শহীদ সংবাদিক সেলিনা পারভিন সড়ক, গুলফেশা
প্লাজা, ৬ষ্ঠ তলা, বড় মগবাজার রমনা, ঢাকা - ১২১৭



২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবন (ইনোভেশন) ও সেবা সহজিকরন (SPS) কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	মুহাম্মদ মাজেদুল হক পরিচালক ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	১২ সেপ্টেম্বর, ২০২২
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	এমআরএ সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-"ক"

সভার আলোচ্য বিষয়সমূহ:

- ১। ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
- ২। বিবিধ।


সভার শুরুতে ইনোভেশন অফিসার জনাব মুহাম্মদ মাজেদুল হক উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকতা আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

কার্যক্রম	বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
[১.১] সেবা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	[১.১.১] সেবা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	সেবা সহজিকরন/ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা নির্বাচন করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত হয়।	ইনোভেশন টিম
[১.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা	[১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ	আগামী ১৩/১০/২০২২ তারিখের মধ্যে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা হিসেবে MRA যোগাযোগ এ্যাপস, e-messaging system এবং e-clippings এর ডাটাবেজ প্রস্তুত সম্পন্ন করণ এবং এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করার জন্য মানবসম্পদ শাখাকে অনুরোধ করার সিদ্ধান্ত হয়।	ইনোভেশন টিম, সিআইবি এন্ড আইসিটি বিভাগ ও মানবসম্পদ শাখা
	[১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ দ্রুততম সময়ের মধ্যে চালু করা এবং কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা
[১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তি	শতভাগ নথি ই-নথিতে নিষ্পন্ন করার লক্ষ্যে অথরিটির সকল কর্মকর্তাগণের জ্ঞাতার্থে একটি অফিস আদেশ জারি করার জন্য আইসিটি অপারেশন এন্ড ডেভেলপমেন্ট শাখাকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	আইসিটি অপারেশন এন্ড ডেভেলপমেন্ট শাখা

[১.৪] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণীত	[১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়ন	লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য আগামী সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে একটি সভা/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
	[১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১ম কর্মশালা সেপ্টেম্বর, ২০২২ মাসের মধ্যে আয়োজনের বিষয়ে মানবসম্পদ শাখাকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা
[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ (ত্রৈমাসিক ভিত্তিতে)	লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য বাতায়নে সকল সেবা বন্ধ ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিআইবি এন্ড আইসিটি বিভাগ
[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর, ২০২২ মাসের মধ্যে ১ম প্রশিক্ষণ আয়োজনের জন্য মানবসম্পদ শাখাকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও মানবসম্পদ শাখা
	[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়	লক্ষ্যমাত্রা অনুযায়ী উদ্ভাবন খাতে (কোড নম্বর-3257105) ৬ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এর মধ্যে ন্যূনতম ৮০% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ইনোভেশন সংক্রান্ত সকল ব্যয় কোড নম্বর-3257105-হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
	[২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে প্রস্তুত করে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
	[২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন ৩১/০১/২০২৩ তারিখের মধ্যে প্রস্তুত করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
	[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন	লক্ষ্যমাত্রা অনুযায়ী নভেম্বর/ডিসেম্বর ২০২২ এর মধ্যে রাজশাহী/সিলেট হাইটেক পার্ক ভ্রমণ অথবা পার্শ্ববর্তী দেশ ভুটান/ভারতে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

২। ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রথম ত্রৈমাসিক যে সকল সূচক এখনো অর্জন করা হয়নি সেসকল বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখা প্রধানদের কার্যক্রম গ্রহণ করা এবং অগ্রগতি প্রতিবেদন ইনোভেশন টিমের নিকট দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মপরিকল্পনার সকল সূচক অর্জনে সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মুহাম্মদ মাজেদুল হক
পরিচালক ও ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০০৭.৩১.০০১.২১.২৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, ফিন্যান্স, একাউন্টস ও ফান্ড ম্যানেজমেন্ট বিভাগ, মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি
- ২) সিস্টেম এনালিস্ট, সিআইবি এন্ড আইসিটি বিভাগ, মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৩) উপপরিচালক, পার্সোনেল শাখা, মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৪) সিনিয়র সহকারী পরিচালক, রেগুলেশন শাখা, মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি অপারেশন এন্ড ডেভেলপমেন্ট শাখা, মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি



মো: শরিফুল সোহান

সহকারী প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন
কমিটি